দৈনিক বাংলা

তারিখ 01 JUL 1991
পৃষ্ঠা 2 কলাম 9

28

33

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনার ব্যবস্থা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৩০শে জুন।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র দখলদারিত্বের অবসানের পর স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কর্তৃপক্ষ বলছেন, সন্ত্রাসমুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য সার্বিক প্রচেষ্টা চালানো হচ্ছে। অবৈধ দখলদার ও সন্ত্রাসীদের কোনভাবেই ক্যাম্পাসে প্রবেশাধিকার দেয়া হবে না। গত ২৩ দিন ধরে ছাত্র শিবিরের সন্ত্রাসী দখলদারিত্বের অবসানের পর আজ দ্বিতীয় দিনের মত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজকর্ম অব্যাহত রয়েছে। তবে শিবিরের সন্ত্রাসের কারণে চৌধুরীহাটে সরিয়ে নেয়া ডাকঘর এখনো ক্যাম্পাসে ফিরিয়ে আনা হয়নি। বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ স্থগিত অসমাপ্ত পরীক্ষাসমূহ পুনঃ অনুষ্ঠানের সময়সীমা নির্ধারণের ব্যবস্থা নিচ্ছেন। শিবির ও তাদের সমর্থক শিক্ষকরা বলছেন, বর্তমান স্বাভাবিক অবস্থা একদেশদর্শী।

## সাধারণ শিক্ষক পরিষদ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষকরা উপাচার্যের পদত্যাগ বা অপসারণের দাবী সম্পূর্ণরূপে প্রত্যাখ্যান করে বলেছেন, এ ধরনের কোন অপপ্রয়াস চালানো হলে তা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসমাজ যেকোন মূল্যে প্রতিহত করবে এবং কোন সংকীর্ণ গোষ্ঠী স্বার্থের কাছে বিশ্ববিদ্যালয়ের মত প্রতিষ্ঠানের মর্যাদা ও অস্তিত্বকে বিপন্ন হতে দেয়া যায় না। জামাতপন্থীদের মনে রাখা উচিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ঃ পৃঃ ৮ কঃ ৮

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ঃ স্বাভাবিক পরিস্থিতি

(১ম পাতার পর)

বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের অধীনে এই উপাচার্য নির্বাচন পদ্ধতি বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন সমুন্নত রাখার একটি প্রধান উপায় ও অবলম্বন।

সাধারণ শিক্ষকদের পক্ষে ডঃ মনজুর মোরশেদ মাহমুদ সইকৃত সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, জামাতপন্থী শিক্ষকরা এমন সব মন্তব্য করেছেন যা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মর্যাদাবোধের পরিপন্থী এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আইনের চরম লংঘন। শিক্ষকদের নীতিজ্ঞান, মর্যাদাবোধ ও সত্যানুসন্ধিৎসার প্রতি একটি নির্মম আঘাত, যা এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসমাজের ভাবমূর্তিকে ভূলুন্ঠিত ও কালিমালিপ্ত করেছে। এসব শিক্ষক শিক্ষক সমিতি, জাতীয়তাবাদী শিক্ষকসমাজ ও আদর্শ শিক্ষকসমাজ নাম ধারণ করে জনগণকে বিভ্রান্ত করার অপচেষ্টায় লিপ্ত হয়েছে এবং সত্যকে মিথ্যায় পর্যবসিত করার চেষ্টা করছেন, যা অনভিপ্রেত। সংবাদ বিজ্ঞপ্তিতে আগামী মঙ্গলবার বিকেল সাড়ে চারটায় শহর ক্লাবে বিভিন্ন রাজনৈতিক দল, সাংস্কৃতিক জোট, নারী সংগঠন, পেশাজীবী সংগঠন ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভার কথা উল্লেখ করা হয়।